দৈনিক সংবাদ

DEC. 01 2001

তারিখ ...
পৃঃ ৭ ... কলাম ... ৬

# ঈদের আগেই শিক্ষকদের বেতনের সরকারি অংশ পরিশোধের আহ্বান

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ ঈদুল ফিতরের আগেই বেসরকারি স্কুল, কলেজ ও মাদ্রাসার শিক্ষকদের নভেম্বর মাসের বেতনের সরকারি অংশ পরিশোধ করার জন্য সরকারের কাছে দাবি জানিয়েছেন।

এক বিবৃতিতে তিনি বলেন, রমজানের প্রায় অর্ধেক ইতোমধ্যে অতিক্রান্ত। রোজাশেষে আসছে পবিত্র ঈদুল ফিতর। বেসরকারি, স্কুল-কলেজ ও মাদ্রাসার শিক্ষক-কর্মচারিগণ পরিবার পরিজন নিয়ে উৎসবের আনন্দে দিনটি উদযাপন করতে পারবেন না। কারণ, তাদের কোন উৎসব ভাতা নেই। এ অবস্থায়ও তারা যাতে অন্তত নভেম্বর মাসের বেতনের সরকারি অংশ পবিত্র ঈদুল ফিতরের পূর্বেই হাতে পান সে লক্ষ্যে এখনই প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া দরকার। বিলম্বে এমপিও পাওয়ার কারণে যে সমস্ত শিক্ষা প্রতিষ্ঠান অক্টোবর মাসের সরকারি বেতন উত্তোলন করতে পারেনি, তারা যাতে অক্টোবর ও নভেম্বর ২ মাসের বেতন একই সঙ্গে পেতে পারেন সে ব্যবস্থা নিতেও তিনি শিক্ষামন্ত্রী ও সচিবকে অনুরোধ করেন।